



টঙ্গীতে আবাসকি বাড়তি ইয়াবা তরৈরি কারখানার সন্ধান, গ্রেপ্তার ১

লেখক: প্রকাশক | প্রকাশিত: 31 October 2026, 01:46 PM | বিভাগ: সারাদেশে



গাজীপুরে টঙ্গীতে একটি আবাসকি বাড়তি ইয়াবা তরৈরি কারখানার সন্ধান পেয়েছে পুলিশ। এ ঘটনায় নাজমুল ইসলাম বাপ্পি (৩২) নামে এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে। এ সময় ইয়াবা তরৈরি বিভিন্ন সরঞ্জাম ও রাসায়নিক উপাদান জব্দ করা হয়।

শুক্রবার (৩১ অক্টোবর) রাত ১টার দিকে টঙ্গীর পাগার আলকে টকে এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে টঙ্গী পূর্ব থানা পুলিশ।

পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদে ভিত্তিতে কয়েক দিন ধরে নাজমুলের বাড়ি ওপর নজরদারি করছিল পুলিশ। পরে রাত্রে সেখানে অভিযান চালিয়ে বাড়ি ভেতরে গড়ে তোলা ইয়াবা তরৈরি কারখানার সন্ধান পাওয়া যায়। এ সময় ইয়াবা তরৈরি কাজে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জাম ও রাসায়নিক উপাদান উদ্ধার করা হয়।

গ্রেপ্তার নাজমুল ইসলাম বাপ্পির দাবি, প্রেমের বিরহে নিস্ব হয়ে পড়ার পর তিনি ইয়াবা তরৈরি

পরিকল্পনা করেন। পরবর্তী সময়ে ইন্টারনেটে, ফেসবুক ও ইউটিউব থেকে তথ্য সংগ্রহ করে নিজস্ব ইয়াবা তৈরি কারখানা গড়ে তোলেন।

স্থানীয়রা জানান, নাজমুল ওই এলাকার বাসিন্দা তাইজুল ইসলামের বড় ছেলে। কয়েক বছর আগে বাদিশে থেকে দেশে ফেরার পর তিনি মাদকাসক্ত হয়ে পড়েন।

এ ঘটনায় জব্দ করা সরঞ্জাম ও রাসায়নিক উপাদান পরীক্ষা-নরীক্ষাসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে বলে জানিয়েছে পুলিশ।

© 2026 আপনার নভিজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।

এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।